গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০১৯.২৩-১৭৯৯

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০
০৭ ডিসেম্বর ২০২৩

বিষয়: অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ১. এ বিভাগের পলিসি সাপোর্ট অধিশাখার এর স্মারক নং-৪৪, তারিখ: ২১ নভেম্বর ২০২৩খ্রি.।
২. জনাব মোঃ গোফরান রানা, মাঝেরঘাটা, ৪নং ওয়ার্ড, পটিয়া পৌরসভা, চট্টগ্রাম এর আবেদন, তারিখ: ০৯ নভেম্বর ২০২৩খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার পটিয়া পৌরসভার মেয়র জনাব আইয়ুব বাবুল-এর বিরুদ্ধে নিয়োগ বাণিজ্য, দুর্নীতি, স্বজনপ্রীতিসহ অন্যান্য অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মোঃ গোফরান রানা আবেদন করেছেন।

২। এমতাবস্থায়, আবেদনে উল্লিখিত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৭/১২/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

উপপরিচালক, স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।

<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মেয়র, পটিয়া পৌরসভা, চট্টগ্রাম
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৮. জনাব মোঃ গোফরান রানা, মাঝেরঘাটা, ৪নং ওয়ার্ড, পটিয়া পৌরসভা, চট্টগ্রাম
৯. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পলিসি সাপোর্ট অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০০০.২৭.০০৪.২১.৪৪

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪৩০
২১ নভেম্বর ২০২৩

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সিস্টেম-এ ০৯-১১-২০২৩ তারিখের ১৮১৯৬০৫৭৫৮০০০১ নম্বর ট্রাকিংমূলে প্রাপ্ত অভিযোগ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সিস্টেম-এ ০৯-১১-২০২৩ তারিখের ১৮১৯৬০৫৭৫৮০০০১ নম্বর ট্রাকিংমূলে প্রাপ্ত অভিযোগ।

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সিস্টেম-এ ০৯-১১-২০২৩ তারিখের ১৮১৯৬০৫৭৫৮০০০১ নম্বর ট্রাকিংমূলে মোঃ গোফরান রানা, মোবাইল নম্বর: ০১৮১৯৬০৫৭৫৮, স্থায়ী ঠিকানা: মাঝেরঘাটা, ৪ নং ওয়ার্ড, পটিয়া পৌরসভা, পেশা: ব্যবসায়ী, জাতীয় পরিচয়পত্র নম্বর: ১৫২৬১০৪৭০১২৯০ কর্তৃক পটিয়া পৌরসভার মেয়র জনাব আইয়ুব বাবুল-এর বিরুদ্ধে নিয়োগ বাণিজ্য, দুর্নীতি, স্বজনপ্রীতিসহ অন্যান্য বিষয়ে দাখিলকৃত অভিযোগটি এ সাথে প্রেরণ করা হলো।

২। এমতাবস্থায়, বর্ণিত অভিযোগ বিষয়ে বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুরোধ করা হলো।

২১-১১-২০২৩
মোঃ এমদাদুল হক চৌধুরী
যুগ্মসচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

অতিরিক্ত সচিব
নগর উন্নয়ন অনুবিভাগ
স্থানীয় সরকার বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০০০.২৭.০০৪.২১.৪৪/১(৩)

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪৩০
২১ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
৩) জনাব মোঃ গোফরান রানা, মোবাইল নম্বর: ০১৮১৯৬০৫৭৫৮, মাঝেরঘাটা, ৪ নং ওয়ার্ড, পটিয়া পৌরসভা

২১-১১-২০২৩

অভিযোগ প্রতিকার ব্যবস্থা

বরাবর
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ

অভিযোগের তারিখ: ০৯-১১-২০২৩
ট্র্যাকিং নম্বর: ১৮১৯৬০৫৭৫৮০০০১
অবস্থা: নতুন

**বিষয়: চট্টগ্রাম জেলাধীন পটিয়া পৌরসভার মেয়র এর অনিয়ম, নিয়োগ বাণিজ্য দুর্নীতি, স্বজনপ্রীতি ইত্যাদির বিরুদ্ধে অভিযোগ।**

মহোদয়,



আপনার বিশ্বস্ত

মোঃ গোফরান রানা

মোবাইল নম্বর: ০১৮১৯৬০৫৭৫৮

২

বরাবর
সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়
আব্দুল গণি রোড, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ ঃ
উপসচিব
পৌর-১ শাখা
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়
আব্দুল গণি রোড, ঢাকা।

বিষয়ঃ চট্টগ্রাম জেলাধীন পটিয়া পৌরসভার মেয়র এর অনিয়ম, নিয়োগ বাণিজ্য, দুর্নীতি, স্বজনপ্রীতি ইত্যাদির বিরুদ্ধে অভিযোগ।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমরা নিম্নস্বাক্ষরকারীগণ চট্টগ্রাম জেলার পটিয়া পৌরসভার নির্বাচিত কাউন্সিলর হই। ২০২১ সালে বর্তমান পৌর পরিষদ দায়িত্ব গ্রহণ করি। আমরা দায়িত্ব গ্রহণের পর পৌরসভার জনগণের স্বার্থে পটিয়া পৌরসভার মেয়রকে সর্বোচ্চ সহযোগিতা প্রদান করে আসছি। কিন্তু পৌরসভার বর্তমান মেয়র জনাব আইয়ুব বাবুল পৌর পরিষদের সিদ্ধান্তের তোয়াক্কা না করে নিজের মত করে পৌরসভার কার্যক্রম পরিচালনা করছেন। মেয়র ভূয়া তথ্য-উপাত্ত দাখিল করে ব্যক্তি স্বার্থ হাছিলের অসৎ উদ্দেশ্যে অনেক তদবির করে মন্ত্রণালয় হতে স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.১৩.০০৮.১৭.১২৬১ মূলে ০৭টি পদে লোক নিয়োগের জন্য ছাড়পত্র গ্রহণ করেন এবং বিগত ০৩-১০-২০২০৩ তারিখ স্যানিটারী ইন্সপেক্টর, সার্ভেয়ার, নিম্নমান সহকারী ২ জন, স্বাস্থ্য সহকারী, টিকাদানকারী (মহিলা), অফিস সহায়ক পদে মোট ০৭টি পদে লোক নিয়োগ করার জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেন এবং ২৫-১০-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত নিয়োগের আবেদন গ্রহণ করেন। বর্তমানে মেয়র বিভিন্ন প্রার্থী থেকে প্রতি পদের বিপরীতে ৮-১০ লক্ষ টাকা বাণিজ্যের জন্য লোক দেখানো পরীক্ষার ব্যবস্থা গ্রহণের প্রস্তুতি নিচ্ছেন। তিনি বর্ণিত পদসমূহের ছাড়পত্র গ্রহণের জন্য পৌরসভা অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির কোন সুপারিশ কিংবা পৌর পরিষদে বিষয়টি আলোচনা করেননি। শোনা যাচ্ছে স্বজনপ্রীতির মাধ্যমে তিনি আপন ভাগিনাকেও পৌরসভায় চাকুরী দেয়ার পায়ঁতারা করছেন। এ নিয়োগের বিষয়টি নিয়ে ইতিমধ্যে সাধারণ জনগণ, চাকুরী প্রার্থী, গণ্যমান্য ব্যক্তিবর্গ, রাজনৈতিক দল এবং কাউন্সিলরদের মধ্যে ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটেছে। তিনি অবৈধভাবে বিভিন্ন নামীয় পদ সৃষ্টি করে মাস্টাররোলে সরকার নির্ধারিত মজুরির অধিক হারে মজুরি দিয়ে নিজ আত্মীয়স্বজনকে পৌরসভা নিয়োজিত করেছেন। অথচ যারা ৫/৭ বছরের অধিক কাল যাবৎ মাস্টার রোলে চাকুরী করে আসছে তাদের বেতন ৫/৬ হাজারের অধিক নয়। তিনি সরকারের নির্ধারিত মাসিক ২১০ (দুইশত দশ) লিটার তেল বরাদ্দ থাকলেও তার বিপরীতে কনজারভেন্সির গাড়ীর খাতে তেল দেখিয়ে ৫০০-৬০০ লিটার তেল গ্রহণ করে তার নিজস্ব ও পরিবারের আত্মীয়স্বজনের কাজে গাড়ীটি ব্যবহার করে আসছে। এছাড়াও, তিনি বেনামে/স্বনামে তার আত্মীয়স্বজনদের মাধ্যমে পৌরসভার বাৎসরিক ব্যয়সীমার উর্দ্ধে কোটেশনের মাধ্যমে বিভিন্ন কাজ করে পৌরসভার রাজস্ব আয়ের টাকা আত্মসাৎ করছেন। তিনি পৌরসভার উন্নয়ন প্রকল্প গ্রহণের সময় কাউন্সিলরদের সাথে সমন্বয় না করে এলাকাবাসীর নিকট থেকে অবৈধ ও অনৈতিক সুবিধা গ্রহণ করে প্রকল্প গ্রহণ করছেন। ফলে এলাকাকাসীর কাছে পৌরসভার কাউন্সিলরগণ অসম্মানজনক পরিস্থিতির মুখোমুখি হচ্ছেন। মেয়রের

একতরফা সিদ্ধান্ত, টেন্ডার প্রক্রিয়ায় অনিয়ম, নিয়োগ নিয়ে স্বজনপ্রীতি ও বাণিজ্যের প্রতিবাদে সকল কাউন্সিলর গত ৩১-১০-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পৌর পরিষদের ৩২তম সভা বর্জন করেন। তা বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়েছে (কপি সংযুক্ত)। সভায় সিদ্ধান্ত হয় একরকম কিন্তু তিনি রেজুলেশন করেন তার ইচ্ছানুযায়ী। মেয়রের এহেন কার্যকলাপে পৌরসভার সার্বিক কার্যক্রম বন্ধ হওয়ার উপক্রম হওয়ার সম্ভাবনা রয়েছে।

এমতাবস্থায়, মহোদয়ের নিকট আকুল আবেদন সরকারি হস্তক্ষেপের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করে যোগ্যপ্রার্থী নিয়োগের ব্যবস্থা গ্রহণ এবং মেয়রের অন্যান্য সার্বিক অনৈতিক কার্যকলাপের বিষয়ে সুষ্ঠু তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের নিকট বিনীত আবেদন জানাচ্ছি।

বিনীত নিবেদক

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মো: [illegible] | কাউন্সিলর, ৪নং ওয়ার্ড, প্যানেল মেয়র | [illegible] 06.11.2023 |
| ২ | শেখ [illegible] ইসলাম | কাউন্সিলর ৯নং ওয়ার্ড | [illegible] 6/11/23 |
| ৩ | [illegible] | কাউন্সিলর ৮নং ওয়ার্ড | [illegible] 6/11/2023 |
| ৪ | মো: জসিম উদ্দিন | ৫নং ওয়ার্ড | [illegible] 6-11-2023 |
| ৫ | ফেরদৌসি বেগম, | সংরক্ষিত আ: - (৩) | [illegible] 06/11/2023 |
| ৬ | বুলবুল আক্তার | সংরক্ষিত আ: (১) | [illegible] 06/11/2023 |
| ৭ | দীপক কুমার সেন, | কাউন্সিলর ৩নং ওয়ার্ড ও প্যানেল মেয়র-২ | [illegible] 06/11/2023 |
| ৮ | মো: গিয়াস উদ্দিন (আজাদ) | কাউন্সিলর ৬নং ওয়ার্ড | [illegible] 06/11/2023 |
| ৯ | | | |
| ১০ | | | |
| ১১ | | | |

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল-

০১. জেলা প্রশাসক, চট্টগ্রাম।

০২. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।